



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০২.২০.২০৫১৬/১০

তারিখ: ০৬ ডিসেম্বর ২০২৩ খ্রি.

বিষয়: মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৫.২৩.০০২.২২.৩০৯; তারিখ: ৩০ অক্টোবর ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহান বিজয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে এ অধিদপ্তরের আওতাধীন অফিস/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নবর্ণিত কর্মসূচি পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্র. নং	কর্মসূচি
০১.	১৬ ডিসেম্বর ২০২৩ খ্রি. সূর্যোদয়ের সাথে সাথে এ অধিদপ্তরের আওতাধীন সকল দপ্তর এবং সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করবে। জাতীয় পতাকা উত্তোলনের ক্ষেত্রে People's Republic of Bangladesh Flag Rules 1972 অনুসরণপূর্বক সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা উত্তোলন করবে।
০২.	১৬ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখ দেশের সকল জেলা ও উপজেলা সদরে অনুষ্ঠেয় কুচকাওয়াজ অনুষ্ঠানে অধিদপ্তরের আওতাধীন স্কুল, কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ স্কাউটস, রোভার স্কাউটস, গার্লস গাইড ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিত করবেন।
০৩.	১৬ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখ জেলা ও উপজেলা সদরে অধিদপ্তরের আওতাধীন সরকারি-বেসরকারি স্কুল-কলেজসহ সকল শিক্ষা প্রতিষ্ঠান ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়ানুষ্ঠান, টি-টুয়েন্টি ক্রিকেট টুর্নামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাডি ও হা-ডু-ডু খেলার আয়োজন করবে।
০৪.	ক) ১৬-১২-২০২৩খ্রি. হতে ৩১-১২-২০২৩ খ্রি. তারিখের মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠান মুক্তিযুদ্ধভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজনসহ জাতীয় পর্যায়ে মুক্তিযুদ্ধভিত্তিক আবৃত্তি এবং রচনা প্রতিযোগিতার আয়োজন করবে। খ) শিক্ষা প্রতিষ্ঠান কর্মসূচি উদ্‌যাপনের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধাদের উপস্থিতিতে তাঁদের কণ্ঠে মুক্তিযুদ্ধের উল্লেখযোগ্য স্মৃতি শিক্ষার্থীদের সম্মুখে উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। গ) মুক্তিযুদ্ধভিত্তিক সুনির্দিষ্ট প্রামাণ্যচিত্র প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবে।
০৫.	মহান বিজয় দিবস উপলক্ষে বিভাগ, জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে এ অধিদপ্তরের আওতাধীন বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন।

  
(রূপক রায়)

সহকারী পরিচালক (সাঃ প্রঃ)  
ফোন : ০২-২২৩৩৫০০৬৮  
ad-admin@dshe.gov.bd

বিতরণ: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল অঞ্চল)/এইচএসটিটিআই (সকল)
০৩. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ/টিটিসি (সকল);
০৪. উপপরিচালক, বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
০৫. জেলা শিক্ষা অফিসার (সকল)
০৬. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
০৭. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
০৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
০৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১০. সংরক্ষণ নথি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০২.২০২০-২০৫২৭/১০


তারিখ: ০৬ ডিসেম্বর ২০২০খ্রি.

বিষয়: 'শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২০' উদ্‌যাপন

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৫.২৩.০০১.২২-৩১৬, তারিখ: ০৬ নভেম্বর ২০২০,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৪ ডিসেম্বর ২০২০ শহিদ বুদ্ধিজীবী দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে এ অধিদপ্তরধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নবর্ণিত কর্মসূচি পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রঃ নং	কর্মসূচি
১	শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে দিবসটির তাৎপর্য তুলে ধরে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ আলোচনা সভার আয়োজন।
২	শিক্ষার্থীরা শহিদ বুদ্ধিজীবীদের স্মরণে কবিতা, সৃজনশীল লেখা ও চিত্রাঙ্কন করে তা প্রতিষ্ঠানের শেখ রাসেল দেয়ালিকা'য় উপস্থাপন করবে। শহিদ বুদ্ধিজীবীদের জন্য উপস্থাপিত শেখ রাসেল দেয়ালিকার অনধিক ০৩ (তিন)টি ছবি তুলে তা ই-মেইল (14december71@gmail.com) এ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(রূপক রায়)

সহকারী পরিচালক (সাঃ প্রঃ)  
ফোন : ০২-২২৩৩৫০০৬৮  
ad-admin@dshe.gov.bd

বিতরণ: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল অঞ্চল)/পরিচালক, এইচএসটিটিআই (সকল);
০৩. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ/টিটিসি (সকল);
০৪. উপপরিচালক, বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
০৫. জেলা শিক্ষা অফিসার (সকল);
০৬. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
০৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
০৮. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
০৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১০. সংরক্ষণ নথি।